



# দ্বি-দিবসীয় আন্তর্জাতিক আলোচনাচক্র বিষয়



উত্তর-পূর্ব ভারতের মাতৃভাষা: ভাষা, সংস্কৃতি ও পরিচয়ের অধ্যয়ন  
(Mother Tongues of Northeast India: Language, Culture and Identity)

## আয়োজক

রাজবংশী ভাষা আকাদেমি, কোচবিহার  
তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার  
সহযোগিতায়  
বাংলা ও ইংরেজি বিভাগ, শীতলকুচি কলেজ  
এবং  
অভ্যন্তরীণ গুণমান নিশ্চিতকরণ সেল (IQAC)  
শীতলকুচি কলেজ



**Keynote Speaker**

Prof. Dr. Sanjay De

Rabindranath Tagore University, Hojai, Assam



**Speaker**

Prof. Dr. Sharif Atiquzzaman

Government Brajalal College, Khulna, Bangladesh



**Speaker**

Dr. Subir Basak

AMBS Mahavidyalaya, Tripura



21st - 22<sup>nd</sup> February, 2026



Sitalkuchi College



Blended Mode

# About the Seminar:

উত্তর-পূর্ব ভারত ভাষাগত বৈচিত্রের এক অনন্য ভৌগোলিক অঞ্চল, যেখানে টিবেটো-বর্মী, ইল্লো-আর্য ও অস্ট্রো-এশীয় ভাষা-পরিবারভুক্ত অসংখ্য মাতৃভাষা সহাবস্থান করে। এই ভাষাগুলি কেবল যোগাযোগের মাধ্যম নয়, বরং সংশ্লিষ্ট জনগোষ্ঠীর ইতিহাস, সংস্কৃতি, স্মৃতি ও পরিচয়ের বাহক।

বর্তমান বিশ্বায়ন, আধুনিক শিক্ষানীতি ও প্রযুক্তিগত রূপান্তরের প্রেক্ষাপটে উত্তর-পূর্ব ভারতের বহু মাতৃভাষা আজ সংকটাপন। এই সেমিনার মাতৃভাষাগুলির ভাষাতাত্ত্বিক, সামাজিক, সাংস্কৃতিক ও সাহিত্যিক দিকসমূহ নিয়ে একাডেমিক আলোচনার একটি গুরুত্বপূর্ণ মঞ্চ হিসেবে পরিকল্পিত।

## Objectives:

- উত্তর-পূর্ব ভারতের মাতৃভাষার ভাষাতাত্ত্বিক ও সাংস্কৃতিক বৈশিষ্ট্য বিশ্লেষণ,
- মাতৃভাষা ও পরিচয় নির্মাণের সম্পর্ক অনুধাবন,
- শিক্ষা ও সমাজে মাতৃভাষার ভূমিকা মূল্যায়ন,
- বিপন্ন ভাষা সংরক্ষণে একাডেমিক দায়িত্ব নির্ধারণ,
- আন্তঃশাস্ত্রীয় গবেষণা ও সংলাপের ক্ষেত্র প্রসার।

## Concept Note:

- উত্তর-পূর্ব ভারত ভাষাবৈচিত্রের দিক থেকে ভারতের অন্যতম সমৃদ্ধ অঞ্চল। এখানে টিবেটো-বর্মী, ইল্লো-আর্য ও অস্ট্রো-এশীয় ভাষা-পরিবারভুক্ত অসংখ্য মাতৃভাষা সহাবস্থান করে, যা এই অঞ্চলকে একটি স্বতন্ত্র ভাষা-সংস্কৃতির ক্ষেত্রে হিসেবে গড়ে তুলেছে। মাতৃভাষা কেবল যোগাযোগের মাধ্যম নয়, এটি একটি জনগোষ্ঠীর ইতিহাস, স্মৃতি, সংস্কৃতি ও পরিচয়ের বাহক।
- কিন্তু আধুনিক রাষ্ট্রব্যবস্থা, প্রভাবশালী ভাষার আধিপত্য, শিক্ষানীতির সীমাবদ্ধতা এবং প্রযুক্তিগত রূপান্তরের ফলে উত্তর-পূর্ব ভারতের বহু মাতৃভাষা আজ সংকটের মুখে। কিছু ভাষা বিলুপ্তপ্রায়, আবার কিছু ভাষা ক্রমশ সামাজিক ও প্রাতিষ্ঠানিক ক্ষেত্র থেকে প্রাণিক হয়ে পড়েছে। এই পরিস্থিতিতে মাতৃভাষার সংরক্ষণ, পুনরুজ্জীবন ও একাডেমিক চর্চা বিশেষভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।
- এই সেমিনার উত্তর-পূর্ব ভারতের মাতৃভাষাগুলিকে ভাষাতাত্ত্বিক, সাংস্কৃতিক, সাহিত্যিক ও সামাজিক দৃষ্টিকোণ থেকে বিশেষণের একটি একাডেমিক মঞ্চ হিসেবে কাজ করবে। এখানে ভাষা ও পরিচয়, ভাষা ও শিক্ষা, ভাষা ও রাজনীতি, ভাষা ও প্রযুক্তি—এই সকল আন্তঃসম্পর্ককে গুরুত্ব দিয়ে আলোচনা করা হবে। পাশাপাশি লোককথা, মৌখিক ঐতিহ্য, আদিবাসী জ্ঞানব্যবস্থা এবং সমকালীন সাহিত্যচর্চায় মাতৃভাষার ভূমিকা বিশেষভাবে আলোচিত হবে।

### Sub-Themes (উপ-বিষয়):

- উত্তর-পূর্ব ভারতের ভাষা-পরিবার ও ভাষাগত শ্রেণিবিন্যাস,
- টিবেটো-বর্মী, ইন্দো-আর্য ও অস্ট্রো-এশীয় ভাষার বৈশিষ্ট্য,
- উপভাষা, ভাষাস্তর ও বহুভাষিক বাস্তবতা,
- মাতৃভাষা ও জাতিগত/আদিবাসী পরিচয় নির্মাণ,
- ভাষা ও লোকসংস্কৃতি, উৎসব, গান, আচার,
- মৌখিক ঐতিহ্য (Oral Tradition) ও স্মৃতি,
- প্রাথমিক ও উচ্চশিক্ষায় মাতৃভাষার ভূমিকা,
- ভাষানীতি ও শিক্ষা-পরিকল্পনা,
- মাতৃভাষাভিত্তিক শিক্ষার চ্যালেঞ্জ ও সম্ভাবনা,
- বিপন্ন ও বিলুপ্তপ্রায় ভাষা,
- ভাষা সংরক্ষণে সমাজ ও শিক্ষাপ্রতিষ্ঠানের ভূমিকা,
- ডকুমেন্টেশন, আর্কাইভ ও ডিজিটাল উদ্যোগ,
- মাতৃভাষায় সাহিত্যচর্চা,
- লোককথা, রূপকথা, মিথ ও কিংবদন্তি,
- অনুবাদ, লিপ্যন্তর ও আন্তঃভাষিক সংলাপ,
- ভাষা আন্দোলন ও রাজনৈতিক চেতনা,
- রাষ্ট্র, ভাষানীতি ও প্রান্তিক ভাষা,
- ভাষা ও ক্ষমতার সম্পর্ক,
- নারীর ভাষা ও অভিজ্ঞতা,
- প্রান্তিক জনগোষ্ঠীর ভাষিক অধিকার,
- ভাষা, শ্রেণি ও সামাজিক বৈষম্য,
- ডিজিটাল মিডিয়া ও মাতৃভাষা,
- সামাজিক যোগাযোগমাধ্যমে ভাষার রূপান্তর,
- AI, প্রযুক্তি ও ক্ষুদ্র ভাষার ভবিষ্যৎ,
- ভাষা ও পরিবেশ (Eco-linguistics),
- ভাষা ও নৃবিজ্ঞান
- ভাষা ও ইতিহাস।

## CALL FOR PAPERS:

গবেষক, শিক্ষক, পিএইচ.ডি. স্কলার, পিজি ও ইউজি শিক্ষার্থীদের কাছ থেকে উত্তর-পূর্ব ভারতের মাতৃভাষা সম্পর্কিত মৌলিক গবেষণাপত্র আহ্বান করা হচ্ছে।

### Submission Guidelines:

Abstract: 250–300 শব্দ

Full Paper: 3000–5000 শব্দ

Language: বাংলা / ইংরেজি

Referencing Style: MLA

উল্লিখিত বিষয়গুলির বাইরে প্রাসঙ্গিক অন্যান্য বিষয়েও প্রবন্ধ গ্রহণযোগ্য।

Email Id: [seminar2026slkc@gmail.com](mailto:seminar2026slkc@gmail.com)

### REGISTRATION DETAILS (TEMPLATE):

Link: <https://forms.gle/kqwzwMSD0zWSttDD8>

CLICK HERE

### Mode of Payment:

Online / Bank Transfer / UPI

### Account Details:

**Bank Name:** Central Bank of India

**Account Holder Name:** Sitalkuchi College

**A/C No.** 2363180967

**IFSC:** CBIN281480

**Registration Fee:** Rs.200/-

**Last date of Registration:** ১৭.০২.২০২৬

### IMPORTANT DATES (Template):

Abstract & Full Paper Submission: ১৭ .০২.২০২৬

Acceptance Notification: ১৯.০২.২০২৬